

“ নিয়োগ বিজ্ঞপ্তি ”

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং- স্মারক নং- ৪৫.১৪০.০১১.০০.০০.০১০.২০১৩-১১৩০ তারিখ- ২৮/০৭/২০২২ খ্রিঃ, স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং- স্বাঃ অধিঃ/প্রশা-২/৩য় ও ৪র্থ শ্রেণী নিয়োগ-০১/২০১৮(অংশ-১)/২০২২/৩৫৩৪/১(৫) তারিখ- ০৪/০৯/২০২২ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪০.১১.০১৩.২৩.১৮৪২ তারিখ- ৩০/০৭/২০২৩ খ্রিঃ মোতাবেক সিভিল সার্জন, ঠাকুরগাঁও তাঁর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহে রাজস্ব খাতের গ্রেড ভিত্তিক শূন্য পদসমূহ অস্থায়ীভাবে পূরণের জন্য বাংলাদেশের নাগরিক এবং ঠাকুরগাঁও জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নে বর্ণিত শর্তে অনলাইনে (<https://alljobs.teletalk.com.bd/cstgn> বা <http://cstgn.teletalk.com.bd> ওয়েবসাইটে) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---------|---|-------------|----------------------------------|--|
| ১ | মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবঃ) | ০১(এক) | গ্রেড ১১ স্কেল- ১২৫০০-৩০২৩০/- | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হতে মেডিকেল টেকনোলজি (ল্যাবঃ) এ ডিপ্লোমা ডিগ্রি। |
| ২ | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ০১(এক) | গ্রেড ১৪ স্কেল- ১০২০০-২৪৬৮০/- | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। গ) সাঁট লিপিতে প্রতিমিনিটে বাংলায় ৪৫ শব্দ ও ইংরেজি প্রতি মিনিটে ৭০ শব্দ। কম্পিউটার টাইপিং প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ। |
| ৩ | পরিসংখ্যানবিদ | ০৩ (তিন) | গ্রেড ১৪ স্কেল- ১০২০০-২৪৬৮০/- | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান, গণিত, অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। (খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৪ | কীটতত্ত্বীয় টেকনিশিয়ান | ০১(এক) | গ্রেড ১৫ স্কেল-৯৭০০-২৩৪৯০/- | কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হতে জীববিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫ | ষ্টোর কিপার | ০৪(চার) | গ্রেড ১৬ স্কেল-৯৩০০-২২৪৯০/- | (ক) কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ (খ) ষ্টোর কিপার পদধারীগণকে সরকারী বিধি অনুযায়ী জামানত প্রদান করিতে হইবে। |
| ৬ | স্বাস্থ্য সহকারী | ৪০ (চল্লিশ) | গ্রেড ১৬ স্কেল-৯৩০০-২২৪৯০/- | কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭ | গাড়ি চালক | ০৪ (চার) | গ্রেড- ১৬ স্কেল-৯৩০০-২২৪৯০/- | (ক) কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ বা ৮ম শ্রেণী পাশ। (খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ বৈধ ড্রাইভিং লাইসেন্স সহ যানবাহন চালনার বাস্তব অভিজ্ঞতা। |
| ৮ | ল্যাব এটেনডেন্ট | ০১(এক) | গ্রেড- ১৯ স্কেল-৮৫০০-২০৫৭০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |

শর্তাবলীঃ-

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও ঠাকুরগাঁও জেলার বাসিন্দা হতে হবে। শুধুমাত্র ১নং ক্রমিকে বাংলাদেশের সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
- নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ আইন, বিধি, নীতি ও কোটা অনুসরণ করা হবে।
- উক্ত নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগবিধি মোতাবেক লিখিত ও মৌখিক (প্রয়োজন বোধে ব্যবহারিক) পরীক্ষার মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হবে।
- যে কোন কারণে বিজ্ঞাপিত শূন্য পদের সংখ্যা পরিবর্তন হতে পারে।
- স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃ অধিঃ/প্রশা-২/৩য় শ্রেণী নিয়োগ-২/২০১৮/৩৫২৭ তারিখ- ০৬/০৮/২০১৮ খ্রিঃ মোতাবেক প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যাহারা কিটতত্ত্বীয় টেকনিশিয়ান ও স্বাস্থ্য সহকারী পদে অনলাইনে আবেদন করেছেন তাহাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।
- প্রার্থী কর্তৃক প্রদত্ত যে-কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা প্রয়োজনীয় তথ্য গোপন করলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা, ভিন্ন/ভুল তথ্য দিলে একাধিকবার ফরম পূরণ করে একাধিক প্রবেশপত্র গ্রহণ করলে অথবা পরীক্ষার অসদুপায় অবলম্বন করলে অথবা পরীক্ষার কেন্দ্রে দুর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বা নিয়োগ বাতিল করা সহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।